

স্বাক্ষর

১৪৮
১৪/১১

২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সৈয়দপুর, নীলফামারী
syedpur.nilphamari.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৮৫.০০০.০৫.০০৯.১৮-১০২৭

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৫
১৬ নভেম্বর ২০১৮

: নিলাম বিজ্ঞপ্তি :

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলভুক্ত অর্পিত পুকুর বাংলা ১৪২৬-১৪২৮ সন পর্যন্ত নিম্ন-স্বাক্ষরকারীর কার্যালয়ে উন্মুক্ত নিলাম ডাকের মাধ্যমে আগামী ০৬ জানুয়ারি ২০১৯ খ্রি: তারিখ বিকাল ৪.০০ ঘটিকার সময় নিম্নবর্ণিত শর্তে ইজারা প্রদান করা হবে।

: তফসিল :

জেলা	উপজেলা	মৌজা	খতিয়ান নং	দাগ নং	জমির পরিমাণ
নীলফামারী	সৈয়দপুর	কয়া	২৭০	৭৪৮৯	০.০৪ একর
				৭৪৯০	০.০১ একর
				৭৪৯১	০.৩৬ একর
				৭৪৯২	০.০৩ একর
				৭৪৯৩	০.০৩ একর
		কয়া	২৯৩৮	৭৪৯৪	০.২৬ একর
				৭৪৯৫	০.০৭ একর
				মোট	০.৮০ একর

: শর্তাবলী :

- ০১। প্রত্যেক ডাককারীকে প্রামাণ্য হিসাবে ২০,০০০/- (কুড়ি হাজার) টাকা নিম্ন-স্বাক্ষরকারীর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে সোনালী ব্যাংক লি: সৈয়দপুর শাখা, নীলফামারীতে জমা করত: পে-অর্ডার নির্ধারিত তারিখ (০৬ জানুয়ারি ২০১৯) বেলা ১২.০০ ঘটিকার পূর্বে অত্রাফিসে দাখিল করতে হবে (যা ফেরতযোগ্য)।
- ০২। যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত যুব সমন্বয় সমিতিতে নিলাম ডাকে অগ্রাধিকার দেয়া হবে।
- ০৩। সর্বোচ্চ ডাককারীকে ডাকশেষে সমুদয় অর্থ (ইজারা মূল্য, ভাট ১৫% ও আয়কর ৫% সহ) পরিশোধপূর্বক চুক্তিনামা সম্পাদনের পর পুকুরের (ডাককারীর নিজ খরচে) দখল হস্তান্তর করা হবে।
- ০৪। সর্বোচ্চ ডাককারী ডাকশেষে সমুদয় অর্থ জমাদানে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ০৫। ইজারা গ্রহণের পর ইজারাকৃত অর্থের উপর সরকার কর্তৃক আরোপিত কর ইজারাদারকে প্রদান করতে হবে।
- ০৬। ইজারাকৃত পুকুর সাব-লীজ দেয়া যাবে না। সাব-লীজ দেয়া হলে লীজ বাতিল বলে গণ্য হবে।
- ০৭। নিম্ন-স্বাক্ষরকারী সর্বোচ্চ ডাক গ্রহণ করতে বা এজন্য কোন কারণ দর্শাতে বাধ্য নহে। কর্তৃপক্ষ কোন কারণ না দর্শিয়ে ইজারা বাতিল বা স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ০৮। ইজারাকৃত পুকুরের কোন শ্রেণি পরিবর্তন করা যাবে না।

(এস.এম. গোলাম কিবরিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
সৈয়দপুর, নীলফামারী।
ফোন-০৫৫২৬-৭২২৮৬
মোবাইল: ০১৭৩৩-৩৯০৬৬৬
unosyedpur@mopa.gov.bd